

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪১৯৪

আগরতলা, ১৩ ডিসেম্বর, ২০২৩

রাজ্যে ক্লিন টয়লেট অভিযানের সূচনা

রাজ্যের বিভিন্ন শহর ও নগর এলাকায় স্বাস্থ্যবিধি সংক্রান্ত পরিকাঠামো সম্প্রসারণে কেন্দ্রীয় আবাসন ও নগরোন্নয়ন মন্ত্রকের ক্লিন টয়লেট অভিযান রাজ্যে শুরু হয়েছে। রাজ্যে এই অভিযান গত ১৯ নভেম্বর থেকে শুরু হয়। অভিযান সমাপ্ত হবে আগামী ২৩ ডিসেম্বর। দেশের শহরে স্বাস্থ্যবিধি পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে এই অভিযান চালু হয়েছে। রাজ্য সরকারের নগরোন্নয়ন দপ্তরের যুগ্ম সচিব রজত পন্ত এক প্রেস রিলিজে এই সংবাদ জানান।

প্রেস রিলিজে জানানো হয়েছে, পাবলিক ও সামাজিক শৌচাগারের গুণমান বৃদ্ধির লক্ষ্যে পরিকল্পিত এই অভিযানের দুটি বিভাগ রয়েছে। প্রথমত শহর এলাকার পাবলিক ও সামাজিক শৌচাগারগুলির পরিচালন ও রক্ষণাবেক্ষণের উপর গুরুত্ব দেওয়া হবে। যাতে পরিচ্ছন্নতা বজায় থাকে এবং সহজে ব্যবহারযোগ্য করা যায়। দ্বিতীয়ত: সক্রিয়, সহজে ব্যবহারযোগ্য, পরিচ্ছন্ন পরিবেশ-বান্ধব এবং নিরাপদ, এই বিষয়গুলিকে মাথায় রেখে তৈরি উপযুক্ত শৌচাগার মডেলের আবেদন জমা দেওয়ার আহ্বান করা হয়েছে। শহর, সরকারি / আধা সরকারি সংস্থা, বেসরকারি সংস্থা, সামাজিক সংস্থা, স্বসহায়ক দল বা সংশ্লিষ্ট সরকারি দপ্তর এই প্রক্রিয়ায় অংশ নিতে পারবে। তারা তাদের উন্নাবনীগূলক শৌচাগারের মডেলের আবেদনপত্র মাই গভ পোর্টালে জমা দিতে পারবে। দীনদয়াল অন্ত্যোদয় যোজনা- ন্যাশনাল আরবান লাইভলিভড মিশন এবং স্বসহায়ক দলগুলির মাধ্যমে ত্রিপুরায় শহর এলাকার সমস্ত পাবলিক ও সামাজিক শৌচাগারগুলির মূল্যায়ন করা হবে। এই অভিযান পরিচালনার জন্য পঞ্চদশ অর্থ কমিশন, আইইসি, এসবিএম শহর ও স্বশাসিত নগর সংস্থাগুলির ফান্ড ব্যবহার করা হবে। নগরোন্নয়ন দপ্তর সংশ্লিষ্ট সকলকে এই অভিযানে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য আবেদন জানিয়েছে।

\*\*\*\*\*